



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

ই মেইল: precs@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/ ১৬৩৫

তারিখঃ ১৮/০২/২০০৭

সংবাদ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সভা


নির্বাচনী আইন সংস্কার ও সংশ্লিষ্ট বিষয়ে আজ প্রধান নির্বাচন কমিশনার ড. এ.টি.এম. শামসুল হুদার সভাপতিত্বে নির্বাচন কমিশনের এক সভা অনুষ্ঠিত হয়।

নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় নির্বাচন কমিশনার জনাব মুহাম্মদ ছহুল হোসাইন, নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল এম. সাখাওয়াত হোসেন এনডিসি, পিএসসি (অবঃ) ও নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মুহাম্মদ হুমায়ুন কবিরসহ উর্ধতন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কমিশন সূষ্ঠ ও অর্থবহ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা নিয়ে কাজে অগ্রসর হচ্ছে। এজন্য অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচন পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকল আইনের সংস্কারের বিষয়টি বিবেচনা করা হচ্ছে এবং এ লক্ষ্যে আজ থেকে আইনের সংশোধনের জন্য প্রয়োজনীয় আভ্যন্তরীণ সমীক্ষা শুরু করা হয়েছে।

জাতীয় সংসদের নির্বাচনী আইন “গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২” কার্যকরীভাবে প্রয়োগের লক্ষ্যে এর বিভিন্ন ধারা উপধারা পরীক্ষা নিরীক্ষার মধ্য দিয়ে আজ এই প্রক্রিয়ার সূচনা করা হল। একটি সূষ্ঠ, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে “গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২” এর বিভিন্ন অংশ সংস্কারের প্রয়োজনীয়তা দীর্ঘদিন যাবত অনুভূত হয়ে আসছে। এ কাজ সমাধা করতে যে সময়ের দরকার সে সময় নিয়েই তা সমাধা করার চেষ্টা করা হবে। এভাবে পর্যায়ক্রমে অন্যান্য আইন ও বিধি পর্যালোচনা করে উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

বর্তমান সময়ের চাহিদা ও ব্যাপক গণমানুষের দাবীর সাথে সামঞ্জস্য বিধান করেই প্রাসংগিক আইনের প্রয়োজনীয় সংস্কার সাধন করতে হবে এবং সে লক্ষ্যে নির্বাচনী আইন সংস্কার বিষয়ে সুশীল সমাজসহ সংশ্লিষ্ট সকলের মতামত ও সুপারিশ গভীরভাবে পরীক্ষা নিরীক্ষা করে দেখা হচ্ছে। কমিশন যতদ্রুত সম্ভব এ কাজ সম্পন্ন করার তাগিদ অনুভব করে এবং পরবর্তীতে সংশ্লিষ্টদের সাথে আলোচনার মাধ্যমে এ প্রক্রিয়া চূড়ান্ত করার পরিকল্পনা গ্রহণ করেছে।


(এস এম আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)
ফোন : ৮১১৪১৭৬
বাসা : ৮০৫৩৪৭৬